

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
প্রশাসনিক সংস্কার অধিশাখা
www.cabinet.gov.bd

নং- ০৪.২২১.০১৪.০০.০৪.০১৯.২০১০-৪০০

তারিখঃ ২১ চৈত্র ১৪১৯
০৪ এপ্রিল ২০১৩

বিষয়ঃ জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে 'নৈতিকতা কমিটি' গঠন।

সূত্র : মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর- ০৪.২২১.০১৪.০০.০৩.০১৯.২০১০-৩৩৮, তারিখ ২১ জানুয়ারি ২০১৩।

গত ২৮ মার্চ ২০১৩ তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে জাতীয় শুদ্ধাচার উপদেষ্টা পরিষদের প্রথম সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের অন্যতম হচ্ছে সকল সকল মন্ত্রণালয়/বিভাগে এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহে একটি করে নৈতিকতা কমিটি গঠন। মন্ত্রণালয়/বিভাগে সচিবের নেতৃত্বে ও অধিদপ্তর/সংস্থাসমূহের প্রধানদের সমন্বয়ে এ কমিটি গঠিত হবে। প্রয়োজনবোধে মন্ত্রণালয়/বিভাগের এক বা একাধিক কর্মকর্তা কমিটির অন্তর্ভুক্ত হতে পারেন। জাতীয় শুদ্ধাচার কৌশলপত্রে উল্লিখিত প্রতিষ্ঠানসমূহের ক্ষেত্রে প্রতিষ্ঠান-প্রধান/দ্বিতীয় ব্যক্তির নেতৃত্বে সংশ্লিষ্ট ব্যক্তিদের নিয়ে এ কমিটি গঠন করা হবে। সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/প্রতিষ্ঠানের একজন কর্মকর্তা কমিটির সদস্য-সচিব এবং শুদ্ধাচার ফোকাল পয়েন্ট হিসাবে দায়িত্ব পালন করবেন।

০২। নৈতিকতা কমিটির কার্যপরিধি নিম্নবূপ হবে:

- সংশ্লিষ্ট সেক্টরে শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে অর্জিত সাফল্য এবং অন্তরায় চিহ্নিতকরণ;
- পরিচালিত অন্তরায় দূরীকরণে সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়ন;
- কর্মপরিকল্পনা বাস্তবায়নের দায়িত্ব কাদের ওপর ন্যস্ত থাকবে, তা নির্ধারণ;
- সংশ্লিষ্ট সেক্টরে শুদ্ধাচার প্রতিষ্ঠায় গৃহীত কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও পরিবীক্ষণ; এবং
- মন্ত্রিপরিষদ বিভাগে অবস্থিত জাতীয় শুদ্ধাচার বাস্তবায়ন ইউনিটে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/প্রতিষ্ঠানে শুদ্ধাচার বাস্তবায়নের অগ্রগতি সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ।

০৩। মন্ত্রণালয়/বিভাগ/প্রতিষ্ঠানের বিশেষত্ব অনুযায়ী কমিটির কাঠামো ও কার্যপরিধি পরিবর্তন করা যেতে পারে। উল্লেখ্য, পদ্ধতিগত সমন্বয়তার চাইতে লক্ষ্য অর্জন গুরুত্বপূর্ণ। তবে, কমিটির কার্যক্রম জাতীয় শুদ্ধাচার কৌশলের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হওয়া বাঞ্ছনীয়।

০৪। সূত্রে উল্লিখিত স্মারকে জাতীয় শুদ্ধাচার কৌশলের কপি তীর মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। শুদ্ধাচার কৌশল মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটেও (www.cabinet.gov.bd) পাওয়া যাবে।

০৫। এমতাবস্থায়, তীর মন্ত্রণালয়ে নৈতিকতা কমিটি গঠনপূর্বক গৃহীত কার্যক্রম সম্পর্কে এ বিভাগকে (দৃষ্টি আকর্ষণ: অতিরিক্ত সচিব, প্রশাসনিক সংস্কার ও বাস্তবায়ন) অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

(ড. আবু শাহীন মোঃ আসাদুজ্জামান)

উপসচিব

ফোনঃ ৯৫১৩৬০২

ই-মেইলঃ asad6531@gmail.com

সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব (সকল)

..... মন্ত্রণালয়/বিভাগ